

শেভনিং বৃত্তির জন্য আবেদন আহ্বান ব্রিটিশ দূতের

কূটনৈতিক প্রতিবেদক >

বাংলাদেশে বিভিন্ন খাতের সন্তানরা ভবিষ্যৎ নেতাদের যুক্তরাজ্যে শেভনিং বৃত্তির জন্য আবেদন করার আহ্বান জানিয়েছেন ঢাকায় ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক। গতকাল সোমবার ঢাকায় ব্রিটিশ হাইকমিশন এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, এ বছর যুক্তরাজ্যের খ্যাতিনামা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স পর্যায়ে পড়ার জন্য বাংলাদেশ থেকে ১২ জনকে পূর্ণ আর্থিক সহায়তার শেভনিং বৃত্তি দিয়ে যুক্তরাজ্যে পাঠানো হচ্ছে। ২০১৭-১৮ বছরের জন্য শেভনিং বৃত্তির আবেদন-প্রক্রিয়া ইতিমধ্যে শুরু হয়েছে। এটি আগামী ৮ নভেম্বর পর্যন্ত চলবে। শেভনিং বৃত্তির জন্য অনলাইনে আবেদনের ঠিকানা www.chevening.org/apply।

এ বছর বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে.. ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক বলেন, সারা বিশ্বে শিক্ষা ও নেতৃত্বের ক্ষেত্রে সম্ভাবনাময় ব্যক্তিদের যুক্তরাজ্যে শিক্ষা ও অভিজ্ঞতা অর্জনের সুযোগ দিতে ব্রিটিশ সরকার শেভনিং বৃত্তি দিয়ে থাকে। শেভনিং বৃত্তিপ্রাপ্তরা যুক্তরাজ্যের সঙ্গে তাদের দেশের সম্পর্ক জোরদারে ভূমিকা রাখে। ২০১৭-১৮ সালের শেভনিং বৃত্তি আবেদন-প্রক্রিয়া প্রসঙ্গে শেভনিং সচিবালয়ের পরিচালক মিশেল স্কট-ব্লাইন বলেন, বৃত্তিপ্রাপ্তরা তাদের নিজ নিজ পেশার জন্য কেবল যুক্তরাজ্যে উন্নতমানের শিক্ষাই পায় না, তারা বৈশ্বিক নেটওয়ার্কেও যুক্ত হওয়ার সুযোগ পায়, যা তাদের পরবর্তী জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শেভনিং বৃত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য অনলাইনে www.chevening.org/faqs লিংকটি দেখা যেতে পারে।